

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার  
বীর উত্তম মেজর জেনারেল আজিজুর রহমান সড়ক  
তেজগাঁও, ঢাকা-১২১৫  
www.ntmc.gov.bd

স্মারক নং- ৪৪.১০.০০০০.০০৪.১১.০০১.২৬-৭০৪

তারিখঃ ২৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
১২ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

নিয়োগপত্র

এনটিএমসি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জনবল নিয়োগ সংক্রান্ত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে "ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২০" মোতাবেক জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) বেতনক্রমে "গাড়িচালক" পদে নিম্নলিখিত প্রার্থীকে অপেক্ষমান তালিকা হতে মোধাক্রম অনুসারে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক	পদের নাম	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	নিজ জেলা
১	গাড়িচালক	১১০০০৯৭	মোঃ আনিছুর রহমান পিতাঃ মোঃ মোজাহার আলী মাতাঃ মোছাঃ নুর বানু	গ্রাম: ডাবর ডাঙা, ডাকঘর: মানিকপীর-৫০১০, উপজেলা/থানা: বোদা, জেলা: পঞ্চগড়	পঞ্চগড়

০২। শর্তাবলি:

ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;

খ) চাকুরিতে যোগদানের সময় পুলিশ ভেরিফিকেশন এর জন্য পুলিশ ভেরিফিকেশন ফরম এবং জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর কর্তৃক ভেরিফিকেশন এর জন্য ব্যক্তিগত তথ্যাবলির ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদি জমাদান করতে হবে। ভেরিফিকেশনে কোন প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

গ) চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সনদসহ সকল স্বাস্থ্য পরীক্ষার ফলাফলের আসল কপি এবং মাদকাসক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) জমা প্রদান করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

ঘ) নিয়োগবিধির শর্তানুসারে যোগদানকৃত প্রার্থী ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে তাকে কোন কারণ দর্শানো ছাড়াই চাকুরি থেকে অপসারণ করা হবে;

ঙ) চাকুরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

চ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

ছ) যোগদানকৃত প্রার্থীর চাকুরি প্রচলিত নিয়ম-নীতি এবং সংশ্লিষ্ট পদের নিয়োগবিধি অনুযায়ী পরিচালিত হবে;

জ) চাকুরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান অথবা ০৩ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;

ঝ) এ অফিস আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

ঞ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না;

ট) উপরিউক্ত শর্তাবলি পূরণ সাপেক্ষে "গাড়িচালক" পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে আগামী ১৪ জুন ২০২৬ তারিখ, সকাল ১০.০০ ঘটিকায় মহাপরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) বরাবর যোগদান পত্র দাখিল করতে হবে।

ডাঃ মেহম্মদ মফিজুর রহমান  
উপসচিব

অতিরিক্ত পরিচালক (প্রশাসন)

ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), ঢাকা।
- ০৫। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), ঢাকা।
- ০৬। সিভিল সার্জন (সংশ্লিষ্ট জেলা)।
- ০৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮। ডেপুটি নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), ঢাকা। (এনটিএমসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। জনাব.....(নিয়োগপ্রাপ্ত প্রার্থী)।
- ১০। অফিস কপি।

ডাঃ মোহাম্মদ মফিজুর রহমান  
উপসচিব